BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৭০৪ তারিখঃ ০৯/১২/২০১৪ ইং

# প্রেস বিজ্ঞপ্তি

৫৩৩ তম কমিশন সভা অদ্য ০৯/১২/২০১৪ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশনের আদেশ নং- BSEC/Surveillance/2014-0804/427, তাং- 09/11/2014 মারফত Shahjibazar Power Company Limited এর সাম্প্রতিক অস্বাভাবিক লেনদেনের জন্য গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন কমিশন সভায় উপস্থাপন করা হয়। অতঃপর Shahjibazar Power Company Limited এর তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় বেশ কিছু প্রতিষ্ঠান ও ব্যক্তির বিরুদ্ধে সিকিউরিটিজ আইন ভঙ্গের দৃষ্টান্ত পরিলক্ষিত হওয়ায় পরবর্তী কার্যক্রমের জন্য তা এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. Sajib Knitwear and Garments Limited (Issuer) এর ১২,৫০,০০০ টি সাধারণ শেয়ার (প্রতিটি অভিহিত মূল্যে ১০০ টাকা মূল্যে) কোম্পানীর বর্তমান (Existing) পরিচালক ও শেয়ার হোল্ডারদের নিকট নগদ টাকায় ইস্যুর মাধ্যমে ১২,৫০,০০,০০০ টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটির পরিশোধিত মূলধন ৮,০০,০০,০০০ টাকা থেকে ২০,৫০,০০,০০০ টাকায় উন্নীত হবে।

৩. Union Capital Limited (Issuer) কে ৫০টি Cumulative Redeemable Preference Share (প্রতিটি ১ কোটি টাকা মূল্যমানের) বর্তমান (Existing) শেয়ারহোল্ডার ব্যতিত প্রাতিষ্ঠানকি বিনিয়োগকারীদের নিকট ইস্যুর মাধ্যমে ৫০ কোটি টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে। এর বৈশিষ্ট্য হচ্ছে, মেয়াদকাল চাঁদা গ্রহনের তারিখ হতে ৫ বৎসর, লভ্যাংশ হার ১২.৫০%, ৩০ দিনের মধ্যে লভ্যাংশ প্রদানে ব্যর্থ হলে লভ্যাংশের হার অতিরিক্ত ২% যোগ হবে।

৪. স্টক ব্রোকার/ডিলার First Lead Securities Limited (CSE TREC # 122) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) Margin Rules, 1999 এর Rule 3 এবং Rule 8(1)(ccc) ভঙ্গ করে margin agreement ব্যতিত কতিপয় গ্রাহকগণকে মার্জিন সুবিধা প্রদান;

খ) First Lead Securities Limited এর ২০১০ সালের সমাপ্ত বছরের নীরিক্ষিত আর্থিক বিবরণীতে Office & Administrative Expences খাতে ১৫,০৪,০২৩ টাকা অতিরিক্ত দেখানোর মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লংঘন;

গ) কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 ভঙ্গ করে Z ক্যাটাগরির শেয়ারে কতিপয় বিনিয়োগকারীকে ঋণ প্রদান; এবং

ঘ) এক বছরের অধিক সময় ডিলার একাউন্টে কোন লেনদেন না করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে প্রদত্ত নিবন্ধন সনদের শর্ত ১১ লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় First Lead Securities Limited -কে ৩ (তিন) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. স্টক ব্রোকার/ডিলার Prime Islami Securities Limited (DSE # 104) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) ভঙ্গ করে গ্রাহকের নিকট থেকে ৫ লক্ষ টাকার উপরে চেকে অর্থ গ্রহন না করে নগদ অর্থ গ্রহণ করা;

চলমান পাতা ২

Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd

খ) ডিসেম্বর ৩১, ২০১৩ এবং ডিসেম্বর ৩১, ২০১১ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী Consolidated Customer Account-এ পরিশোধযোগ্য ক্লায়েন্টদের পর্যাপ্ত তহবিল -এ ঘাটতি (Deficiency) পরিলক্ষিত হওয়ার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) & (2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ ও ৬ লংঘন;

গ) চেয়ারপার্সন (পরিচালকদের একজন) -কে মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;

ঘ) কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 ভঙ্গ করে Z ক্যাটাগরির শেয়ারে চেয়ারপার্সন এবং কতিপয় বিনিয়োগকারীকে ঋণ প্রদান; এবং

ঙ) নন মার্জিনেবল শেয়ারে (P/E Ratio is over 40) মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010 লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Prime Islami Securities Limited -কে ২০ (বিশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. Brac EPL Investment Limited -এর তিন কর্মকর্তাকে তাদের প্রতিষ্ঠান যে শেয়ার লেনদেন করেছে সেই একই শেয়ারে লেনদেনে লিপ্ত হওয়ায় তাঁদের কমিশন সতর্ক পত্র প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. Race Management Pvt. Co. Ltd. কমিশনের অনুমোদন ব্যতিরেকে Lead Bank পরিবর্তনের জন্য কমিশন সতর্ক পত্র প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। একই সাথে এই কাজের জন্য যে বা যারা দায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনপূর্বক কমিশনকে অবহিত করতে হবে।

৮. কমিশন আজকের সভায় Bangladesh Steel Re-Rolling Mills Limited প্রতিটি শেয়ার ৩৫.০০ টাকা (অর্থাৎ প্রতি শেয়ার ২৫ টাকা প্রিমিয়ামসহ) দরে ১.৭৫ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৬১.২৫ কোটি টাকা পুঁজি উত্তোলন করে Ongoing Expansion/BMRE, ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর, ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ৫.০৬ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV with revaluation) ৫২.০৯ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Alliance Financial Services Limited।

০১/১২/২০১৪

ফরহাদ আহমেদ
নির্বাহী পরিচালক